

## জবি সাংস্কৃতিক কেন্দ্রের শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা ১৫ আগস্ট

জবি প্রতিনিধি

১৩ আগস্ট ২০২৩ ০৫:৩৬ পিএম | আপডেট: ১৩ আগস্ট ২০২৩ ০৫:৩৬ পিএম



শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা। ছবি: আমাদের সময়

advertisement..

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী স্মরণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগামী (১৫ আগস্ট) মঙ্গলবার সকাল ১০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্রের উদ্যোগে বিবিএ ভবনের নিচতলায় ‘জাতির জনক ও বাংলাদেশ’ শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতা -২০২৩ ব্যানারে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

বিষয়টি নিশ্চিত করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিককেন্দ্রের সাধারণ সম্পাদক মেহেদী হাসান।

## advertisement

তিনি বলেন, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে প্রতিবছরের ন্যায় এবারও আমরা জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র থেকে শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করছি। এ বছর প্রতিযোগিতাটি ‘ক’ এবং ‘খ’ দুটি বিভাগে হবে। ‘ক’ বিভাগে ১ম থেকে ৫ম শ্রেণি এবং ‘খ’ বিভাগে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে।

উল্লেখ্য, এ প্রতিযোগিতায় আর্ট পেপার সরবরাহ করা হবে। অন্যান্য সামগ্রি প্রতিযোগীকে নিয়ে আসতে হবে। প্রতিযোগিতায় নির্বাচিত শিল্পকর্মে দুই বিভাগে ৬টি পুরস্কার ও সনদ এবং ক্রেস্ট প্রদান করা হবে।